

পুরনো গবেষণা নয় বরং নতুন গবেষণায় আরো উদ্যোগী হতে হবে। কাট কপি পেস্ত বাদ দিয়ে মৌলিক গবেষণার দিকে জোর দিতে হবে বলে মন্তব্য করেছেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ।

গতকাল শনিবার প্রথমবারের মতো ‘গবেষণা পদ্ধতি’র (রিসার্চ মেথোলজি) কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

উপাচার্য বলেন, ‘আমাদের দেশে কোনো নিজস্ব ওষুধ নেই।

#### বিজ্ঞাপন

তবে আমাদের এখানে নাসাভ্যাকের ট্রায়াল শুরু হয়েছে। আশা করছি, সেটি ইতিবাচক ফল বয়ে আনবে। ’

এ ব্লকের ডেন্টাল বিভাগের মিলনায়তনে বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক সায়েন্স অনুষদ তিন দিনব্যাপী এই কর্মশালার আয়োজন করে। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি বিভাগের অধ্যাপক ডা. মো. মোজ্জামেল হক। এ সময় ফার্মাকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মো. সায়েদুর রহমান, অধ্যাপক ডা. খন্দকার মানজারে শামীম প্রমুখ উপস্থিত ছিলেন।